অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 6/10/2022 **গভর্নর ক্যাথি হোকল**

গভর্নর হোকল প্রাইড মাস 2022 এর সম্মানে নিউ ইয়র্ক স্টেট ক্যাপিটলে LGBTQ+ প্রোগ্রেস প্রাইড পতাকা উড়ানোর ঘোষণা করলেন

ক্যাপিটাল রিজিয়নের ভবনগুলিকে 10 জুন থেকে 13 জুন প্রাইড সপ্তাহান্তের স্বীকৃতিস্বরূপ আলোকিত করা হবে

ছবি এখানে পাওয়া যাবে

ইউটিউবে ভিডিও পাওয়া যাবে এখানে এবং TV মানের (h.264, mp4) ফরম্যাটে পাওয়া যাবে এখানে

গভর্নর ক্যাথি হোকল আজকে ঘোষণা নিউ ইয়র্ক স্টেটের প্রাইড মাস 2022 উদযাপনের একটি অংশ হিসেবে প্রথমবারের মতো নিউ ইয়র্ক স্টেটের ক্যাপিটলে লেসবিয়ান, গে, বাইসেকসুয়াল, ট্রান্সজেন্ডার, কুইয়ার+ (LGBTQ+) প্রোগ্রেস প্রাইড পতাকাসমূহ (Progress Pride Flags) উত্তোলিত হয়েছে।এছাড়াও 2022 সালের জুন মাসকে LGBTQ+ প্রাইড মাস (LGBTQ+ Pride Month) হিসেবে আখ্যা দিয়ে গভর্নরের ঘোষণার কপিও এই সপ্তাহান্তে প্রধান প্রধান ক্যাপিটাল রিজিয়ন প্রাইড ইভেন্টের আয়োজকদের কাছে প্রদান করা হয়েছে।

"নিউ ইয়র্ক স্টেটের ক্যাপিটলে প্রোগ্রেস প্রাইড পতাকা উত্তোলনের ঐতিহাসিক ঘটনা LGBTQ+ সম্প্রদায়ের সদস্যদের সাথে আমাদের একাত্মতার একটি প্রতীক, এটি একটি দৃশ্যমান অনুস্মারক হিসেবে কাজ করবে যে নিউ ইয়র্কের মানুষেরা তাদের স্বর শুনতে পায় এবং সম্মান করে," **গভর্নর হোকল বলেন।** "আমি প্রাইড মাস চলাকালীন তাদের অর্জনসমূহকে সম্মান জানাতে পেরে বিনীত হয়েছি এবং ন্যায়বিচার ও সমতার জন্য তাদের লড়াইয়ে তাদের পাশেই থাকবো।"

"এটি অন্য যেকোনও পতাকা উত্তোলনের মতো নয়, আমরা সেই পতাকা উত্তোলন করছি যা বৈচিত্র্য, স্বতন্ত্রতা, ভালোবাসা এবং সবথেকে বড় ব্যাপার, গর্বের প্রতীক, এটি নিউ ইয়র্ক স্টেটের একটি ঐতিহাসিক মুহূর্ত কারণ প্রথমবারের মতো নিউ ইয়র্ক স্টেটের ক্যাপিটলে প্রোগ্রেস প্রাইড পতাকা উড়ানো হয়েছে এবং আমি এর একটি অংশ হতে পেরে গর্বিত," **লেফটেন্যান্ট গভর্নর অ্যান্টনিও ডেলগাডো বলেন,** যিনি এম্পায়ার স্টেট প্লাজায় অনুষ্ঠিত ইভেন্টে উপস্থিত ছিলেন। "প্রাইড মাস আমাদের বৈচিত্র্যের প্রতি এবং অঞ্চলজুড়ে সকল মানুষের মধ্যে সংযোগ স্থাপনের

জন্য নিবেদিত একটি মাস। যা আমাদেরকে নিউ ইয়র্কবাসী করে তার ভিত্তির কেন্দ্রে রয়েছে এই বৈচিত্র্য।"

প্রোগ্রেস প্রাইড পতাকাটি 1970 দশকের শেষের দিকের আইকনিক রঙধনুর পতাকার উপর ভিত্তি করে করা হয়েছে।প্রোগ্রেস প্রাইড পতাকাটি 2018 সালে নকশা করা হয়েছে এবং এটি "অন্তর্ভুক্তি ও অগ্রগতির" উপর আরো বেশি গুরুত্ব প্রদান করতে তীর আকৃতির পাঁচ রঙের লাইন যোগ করা হয়েছে। পতাকাটিতে প্রান্তিক অশ্বেতাঙ্গ LGBTQ+ সম্প্রদায়সমূহের প্রতিনিধিত্ব করতে কালো ও বাদামি ডোরা যোগ করা হয়েছে, এর সাথে আছে ট্রান্সজেন্ডার প্রাইড পতাকার হালকা নীল, গোলাপি এবং সাদা রঙ। এছাড়াও পতাকাটি ক্যাপিটাল রিজিয়নের এক্সিকিউটিভ ম্যানশন (Executive Mansion), আলফ্রেড ই. স্মিথ ভবন (Alfred E. Smith Building) এবং হ্যারিম্যান ক্যাম্পাসেও (Harriman Campus) উড়ানো হবে।

জেনারেল সার্ভিসেস অফিসের (Office of General Services, OGS) কমিশনার জিনেট ময় বলেন, "প্রাইড মাস উদযাপনের জন্য ক্যাপিটলে আজকের প্রোগ্রেস প্রাইড পতাকা উত্তোলন নিউ ইয়র্ক স্টেটের LGBTQ+ সম্প্রদায়সমূহের অর্জনসমূহের প্রতি সম্মান জানায়। গভর্নর হোকলের নেতৃত্বের অধীনে, আমরা সকলের জন্য সমতার সন্ধানে নিউ ইয়র্ক স্টেটের ঐতিহাসিক ভূমিকাকে সম্পূর্ণরূপে বরণ করে নিচ্ছে ও অগ্রসর করছে।"

স্টেটের হোমল্যান্ড সিকিউরিটি ও ইমার্জেন্সি সার্ভিসেস ডিভিশনের (State Division of Homeland Security and Emergency Services, DHSES) কমিশনার জ্যাকি ব্রে বলেন, "এই প্রাইডে আমাদেরকে অবশ্যই আমাদের সকলের অধিকার রক্ষার কাজে নিজেদেরকে পুনরায় অঙ্গীকারবদ্ধ করতে হবে। এর মধ্যে রয়েছে আমাদের সকলের মর্যাদা সমর্থন করা এবং আমাদের মধ্যে সবথেকে দুঃস্থদের নিরাপদ রাখা। আমাদের সম্প্রদায়ের প্রতি গভর্নর হোকলের সমর্থন অবিচল এবং নিশ্চিত, এবং আমি তার প্রশাসনে দায়িত্ব পালন করতে পেরে গর্বিত।"

টেম্পোরারি এবং ডিজ্যাবিলিটি অ্যাসিস্টেন্স অফিসের (Office of Temporary and Disability Assistance, OTDA) কমিশনার ড্যানিয়েল ডব্লিউ. টিয়েজ বলেন, "LGBTQ+ অধিকারের পক্ষে বহু বছর ধরে কাজ করার অভিজ্ঞতাসহ একজন হিসেবে, আমি প্রোগ্রেস প্রাইড পতাকা উত্তোলন করে প্রাইড মাস উদযাপন করতে পেরে গর্বিত, আন্দোলনটি আমাদের সম্প্রদায়ে যেই অন্তর্ভুক্তির প্রতিনিধি, পতাকাটি তা ধারণ করে। গভর্নর হোকল LGBTQ+ সমতার প্রতি তার দৃঢ় প্রতিশ্রুতি স্পষ্ট করে প্রদর্শন করেছেন, শুধু কথা দিয়ে নয়, বরং এই ব্যাপারে নিউ ওয়ার্ক স্টেটের নেতৃত্ব আরো মজবুত করতে সাহায্য করবে এমন পদক্ষেপ দিয়ে।"

নিউ ইয়র্ক ট্যাক্সেশন ও ফাইন্যান্স ডিপার্টমেন্টের (New York State Department of Taxation and Finance) ভারপ্রাপ্ত কমিশনার আমান্ডা হিলার বলেন, "নিউ ইয়র্ক সর্বদা LGBTQ+ সম্প্রদায়ের জন্য একটি আশার আলো হয়ে থাকবে। আমি আজকের পতাকা উত্তোলন অনুষ্ঠানে অংশগ্রহণ করতে পেরে গর্বিত কারণ অন্তর্ভুক্তি ও অগ্রগতির ক্ষেত্রে আমরা কতটা পথ পারি দিয়েছি এটি তার উপর আলোকপাত করে। এছাড়াও এটি সকল নিউ ইয়র্কবাসীর জন্য সমতা নিশ্চিত করতে আমাদের নিজেদের সম্প্রদায়সমূহের অভ্যন্তরে আমাদের যে কাজ এখনো করা বাকি তার জন্যেও একটি অনুস্মারক হিসেবে কাজ করে।"

অ্যালবানি কাউন্টির নির্বাহী ড্যানিয়েল পি. ম্যাকয় বলেন, "নিউ ইয়র্ক স্টেট এর বৈচিত্র্যকে বরণ করে নেয় কারণ আমরা জানি এটি আমাদের শক্তি বৃদ্ধি করে। এটি এমন একটি স্থান যেখানে সকলকে স্বাগত জানানো হয়, তারা যাকেই ভালোবাসুক বা যা হিসেবে নিজের পরিচয় দিক না কেনও। এই পতাকাগুলি আমাদের অতি প্রিয় অন্তর্ভুক্তির মূলনীতিগুলির শক্তিশালী প্রতীক, এবং আমি প্রথমবারের মতো ক্যাপিটলে প্রোগ্রেস প্রাইড পতাকাসমূহ উত্তোলন করতে গভর্নর হোকল এবং স্টেটে আমার অন্যান্য অংশীদারদের সাথে যোগ দিতে পেরে গর্বিত," বলেন। "এবং যদিও জুন প্রাইড মাস, আমাদেরকে LGBTQ+ সম্প্রদায়ের এই অন্তর্ভুক্তির চেতনা এবং অগ্রগতি বছরের 365 দিনই আমাদের সাথে বহন করতে হবে।"

ইন আওয়ার ওউন ভয়েসেসের (In Our Own Voices) প্রধান নির্বাহী কর্মকর্তা ট্যান্ডরা ল্যাগ্রোন বলেন, "ইন আওয়ার ওউন ভয়েসেস নিউ ইয়র্ক স্টেটের সাথে অংশীদারিত্ব করতে পেরে খুশি। যখন, আমাদের সম্প্রদায় হার এবং আক্রমণের সম্মুখীন হচ্ছে এবং আমাদের সম্প্রদায়কে লক্ষ্য করে আইনসভায় 325টির বেশি বিল উপস্থাপিত হয়েছে এবং যার 50 শতাংশের বেশি স্পষ্টভাবেই TGNC ভাইবোনদের জন্য। এটি আমাদের জন্য একটি সুযোগ, বিশেষ করে LGBTQ+ অশ্বেতাঙ্গ মানুষ, পরিবার, বন্ধু ও মিত্রদের জন্য, এক মুহূর্ত অবসর নিয়ে সম্প্রদায় ও শক্তিকে উদযাপন করতে একত্রিত হওয়ার জন্য।"

ক্যাপিটাল রিজিয়নের প্রাইড সেন্টারের (Pride Center of the Capital Region) নির্বাহী পরিচালক নাথানিয়েল গ্রে বলেন, "দুঃখজনকভাবে, গত দুই বছরে আমরা বিচ্ছিন্নতার সাথে পরিচিত হয়ে গেছি। LGBTQ+ সম্প্রদায় সর্বদা বিচ্ছিন্নতা ও মুছে ফেলা সংক্রান্ত সমস্যার সম্মুখীন হয়েছে, যা আমাদের বিষণ্ণতা ও উদ্বেগের কারণ হয়ে উঠে। সেইজন্য আজকের ঐতিহাসিক প্রোগ্রেস প্রাইড পতাকা উত্তোলনের মতো ঘটনা ক্যাপিটাল রিজিয়ন ও নিউ ইয়র্ক স্টেটের LGBTQ+ মানুষদের জন্য অনেক বেশি প্রভাবশালী; যখন আমরা আমাদের আশেপাশের সংস্কৃতিতে আমাদের প্রতিফলন দেখতে পাই, তখন তা আমাদের মনে করিয়ে দেয় যে আমরা প্রতিদিন, সর্বত্র, সকল সম্প্রদায়ের একটি স্বাভাবিক অংশ। সাধারণ এই কাজটি জীবন বাঁচাতে পারে এবং বাঁচাবে। LGBTQ+ সম্প্রদায়ের প্রতি তাদের দীর্ঘদিনের সমর্থনের জন্য গভর্নর হোকল এবং লেফটেন্যান্ট গভর্নর ডেলগাডোকে ধন্যবাদ; ক্যাপিটাল রিজিয়ন এবং পুরো স্টেটে যাতে সকলের জন্য নিরাপদ ও ইতিবাচক পরিবেশ থাকে তা নিশ্চিত কোনও একটি চলমান সম্পর্ক বজায় রাখতে আমরা উন্মুখ।"

এছাড়াও স্টেটের এই ভবনগুলিতে প্রোগ্রেস প্রাইড পতাকা উড়ানো হবে:

- অ্যাডাম ক্লেটন পাওয়েল জুনিয়র স্টেট অফিস ভবন (Adam Clayton Powell Jr. State Office Building), হারলেম
- এলেনোর রুজভেল্ট স্টেট অফিস ভবন (Eleanor Roosevelt State Office Building), পাকিপ্সি
- হাডসন ভ্যালি পরিবহন ব্যবস্থাপনা কেন্দ্র (Hudson Valley Transportation Management Center), হথ্রোন

- পেরি বি ডুরিয়া স্টেট অফিস ভবন (Perry B Duryea State Office Building), হাপোগ

এর পাশাপাশি, একাধিক ক্যাপিটল রিজিয়ন স্টেট ল্যান্ডমার্ক LGBTQ+ প্রাইড সপ্তাহান্তের স্বীকৃতিতে, 10 জুন থেকে 13 জুন পর্যন্ত আলোকিত করা হবে, যেমন:

- এইচ. কার্ল ম্যাককল সানি বিল্ডিং
- রাষ্ট্রীয় শিক্ষা ভবন (State Education Building)
- আলফ্রেড ই. স্মিথ স্টেট অফিস ভবন (Alfred E. Smith State Office Building)
- এম্পায়ার স্টেট প্লাজা (Empire State Plaza)
- অ্যালবানি আন্তর্জাতিক বিমানবন্দর গেটওয়ে (Albany International Airport Gateway)

23 জুন থেকে 30 জুন পর্যন্ত LGBTQ+ প্রাইড মাসের স্বীকৃতিতে যেসকল স্টেট ল্যান্ডমার্ক আলোকিত হবে:

- ওয়ান ওয়ারল্ড ট্রেড সেন্টার (One World Trade Center)
- গভর্নর মারিও এম. কুওমো ব্রিজ (Mario M. Cuomo Bridge)
- কস্কুইজকো ব্রিজ (Kosciuszko Bridge)
- এইচ. কার্ল ম্যাককল সানি বিল্ডিং (H. Carl McCall SUNY Building)
- রাষ্ট্রীয় শিক্ষা ভবন (State Education Building)
- আলফ্রেড ই. স্মিথ স্টেট অফিস ভবন (Alfred E. Smith State Office Building)
- এম্পায়ার স্টেট প্লাজা (Empire State Plaza)
- স্টেট ফেয়ারগ্রাউন্ডস - প্রধান গেট ও এক্সপো সেন্টার
- নায়াগ্রা জলপ্রপাত (Niagara Falls)
- "ফ্রাঙ্কলিন ডেলানো রুজভেল্ট" মধ্য-হাডসন ব্রিজ ("Franklin D. Roosevelt" Mid-Hudson Bridge)
- গ্র্যান্ড সেন্ট্রাল টার্মিনাল (Grand Central Terminal) - পারশিং স্কয়ার ভায়াডাক্ট
- অ্যালবানি আন্তর্জাতিক বিমানবন্দর গেটওয়ে (Albany International Airport Gateway)

ক্যাপিটল রিজিয়নের অন্যান্য কার্যক্রমের মধ্যে থাকবে নিউ ওয়ার্ক স্টেট ক্যাপিটলে গভর্নরের অভ্যর্থনা কক্ষে (Governor's Reception Room) একটি নতুন প্রদর্শনী, উইথ প্রাইড অ্যান্ড ডিগনিটি (With Pride and Dignity), যা মার্কিন সেনাবাহিনীতে দায়িত্ব পালনরত LGBTQ+ সদস্যদের অধিকারের সংগ্রামকে তুলে ধরে এবং দেখায় কীভাবে নিউ ইয়র্ক স্টেট বৈষম্যের

বিরুদ্ধে লড়াই সমর্থন করে। প্রদর্শনীটি নিউ ইয়র্ক স্টেট ক্যাপিটলের দ্বিতীয় তলায় অবস্থিত এবং জুনের শেষ পর্যন্ত চলবে। প্রদর্শনী সংক্রান্ত আরো তথ্য পাওয়া যাবে এখানে।

নিউ ইয়র্ক স্টেটের প্রাইড মাস পালন সম্পর্কে আরো তথ্য, যার মধ্যে স্টেটের ক্যাপিটলের প্রাইড মাস প্রদর্শনী রয়েছে, পাওয়া যাবে এখানে।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন